**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 28-03-2026** **Time:- 7.50 PM**

**<u>বিশেষ বিশেষ খবর ঃ-</u>**

১) রাজ্যের বিধানসভা নির্বাচনের বিজ্ঞপ্তি এখনো জারি না হলেও বিভিন্ন রাজনৈতিক দলের প্রচার গতি পেয়েছে।

# বরিষ্ঠ বিজেপি নেতা তথা কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন, আসন্ন বিধানসভা নির্বাচন শুধু বাংলার জন্য নয়, দেশের নিরাপত্তার সঙ্গেও ওতপ্রোতভাবে জড়িত।

#পশ্চিমবঙ্গের প্রতি কেন্দ্রীয় সরকারের বঞ্চনার অভিযোগ তুলেছেন তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী।

২) রাজ্যের বেশ কিছু এলাকা থেকে হিংসা ও অশান্তির ঘটনা সামনে আসায় নির্বাচন কমিশন, রাজ্যের পুলিশ প্রশাসনের উপর নজরদারি আরও কঠোর করছে।

৩/ SIR প্রক্রিয়ার সঙ্গে যুক্ত দুই জুডিশিয়াল অফিসারকে হুমকি দেওয়ার অভিযোগ উঠেছে, কোচবিহার দক্ষিণের তৃণমূল কংগ্রেস প্রার্থী অভিজিৎ দে ভৌমিকের বিরুদ্ধে।

৪/ মুর্শিদাবাদের জঙ্গীপুরে গতকাল, রামনবমীর শোভাযাত্রাকে ঘিরে সংঘর্ষের ঘটনায় গ্রেপ্তারের সংখ্যা বেড়ে হয়েছে- তিরিশ।

৫/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, আগামীকাল আকাশবাণীতে মন কি বাত অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন।

৬/ রায়পুরে ‘খেলো ইন্ডিয়া ট্রাইবাল গেমস’-এর মূল পর্বের ফুটবল ম্যাচে আজ বাংলা ৩-০ গোলে মধ্যপ্রদেশকে হারিয়ে গিয়েছে।

***************************************************************************

বরিষ্ঠ বিজেপি নেতা তথা কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন, আসন্ন বিধানসভা নির্বাচন শুধু বাংলার জন্য নয়, দেশের নিরাপত্তার সঙ্গেও ওতপ্রোতভাবে জড়িত। কলকাতায় আজ তৃণমূল কংগ্রেস সরকারের বিরুদ্ধে জনগনের চার্জশীট নথি প্রকাশ করে সাংবাদিকদের কাছে শ্রী শাহ বলেন, আসামে বিজেপি সরকার গঠনের পর অনুপ্রবেশ অনেকাংশে বন্ধ হয়েছে। এখন একমাত্র পশ্চিমবঙ্গ দিয়েই অনুপ্রবেশ হচ্ছে। তাই দেশের সুরক্ষার জন্য এই নির্বাচন অত্যন্ত গুরুত্বপূর্ণ।

( বাইট- অমিত শাহ/ অনুপ্রবেশ )

SIR নিয়ে তৃণমূল কংগ্রেসের কড়া সমালোচনা করে শ্রী শাহ বলেন, দেশের অন্যান্য রাজ্যে শান্তিপূর্ণভাবে SIR চললেও একমাত্র পশ্চিমবঙ্গে এমন পরিস্থিতি তৈরি হয়েছে যে সুপ্রিম কোর্টকে জুডিশিয়াল অফিসার নিয়োগ করতে হয়েছে।

( বাইট- অমিত শাহ/ SIR )

বিগত ১৫ বছর ধরে রাজ্যে তৃণমূল কংগ্রেস অপশাসনের বিরুদ্ধে চার্জশিট পেশ করে শ্রী শাহ বলেন, তৃণমূল কংগ্রেস ভয়, দুর্নীতি, বিভাজন এবং হিংসার মাধ্যমে ক্ষমতা ধরে রাখতে চাইছে। রাজ্যে মানুষের বিশেষ করে মহিলাদের কোন নিরাপত্তা নেই। ১৫ বছর আগে 'মা মাটি মানুষে'র স্লোগান দিয়ে ক্ষমতায় আসা সরকার আজ মানুষের সঙ্গে প্রতারণা করেছে। শ্রী শাহ বাংলার মানুষকে ভয় ত্যাগ করে নিজের অধিকার প্রয়োগ এবং তৃণমূল সরকারের অবসান ঘটানোর আহ্বান জানান। তিনি বলেন, বাংলায় বিজেপি সরকার প্রতিষ্ঠিত হলে 'অঙ্গ ,বঙ্গ এবং কলিঙ্গ' তিন রাজ্যেই বিজেপি ক্ষমতায় আসবে।

আজকের চার্জশীট পেশ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য্য প্রমুখ।

*****************************************************************************

এদিকে, অনুপ্রবেশ নিয়ে অমিত শাহের বক্তব্যের সমালোচনা করেছে তৃণমূল কংগ্রেস। আজ এক সাংবাদিক সম্মেলনে দলের নেতা তথা শিক্ষা মন্ত্রী **ব্রাত্য বসু** বলেন, অনুপ্রবেশ এর মাধ্যমের দেশের নিরাপত্তা বিঘ্নিত হওয়ার যে অভিযোগ বিজেপি করছে তা সঠিক নয়।

( বাইট- ব্রাত্য/ অনুপ্রবেশকারী )

অন্যদিকে, পুরুলিয়া জেলার নিতুড়িয়া এবং কাশিপুরে পর পর দুটি নির্বাচনী জনসভায় বিজেপির বিরুদ্ধে রাজ্যের প্রতি বঞ্চনার অভিযোগ তুলেছেন তৃণমূল কংগ্রেস নেত্রী তথা রাজ্যের **মুখ্যমন্ত্রী মমতা** ব্যানার্জী। পাশাপাশি জাতপাতের নামে বিভাজনের অভিযোগও করেছেন তিনি। পুরুলিয়ার শিল্পায়ন থেকে পর্যটনে ব্যাপক উন্নয়নের কথা তুলে ধরেন তৃণমূল নেত্রী।

( বাইট- মমতা/ SIR )

*****************************************************************************

স্বচ্ছ ও অবাধ নির্বাচন নিশ্চিত করতে নির্বাচন কমিশন এবার আরো বেশি করে প্রযুক্তিকে কাজে লাগাবে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল একথা জানিয়েছেন। তিনি বলেন, এবার শুধু বুথের ভিতরের নিরাপত্তা নয়, বুথের বাইরেও সমান নজরদারি থাকবে। বুথের আশপাশে ভোটারদের বাধা দেওয়া বা ভয় দেখানোর মতো ঘটনাকেও 'বুথ দখল' হিসেবে ধরা হবে বলে স্পষ্ট জানানো হয়েছে।

ইভিএমের নিরাপত্তা নিয়েও বিশেষ জোর দেওয়া হয়েছে। ইতিমধ্যেই প্রায় ৩ লক্ষ ইভিএম ইউনিটের ফার্স্ট লেভেল চেকিং সম্পন্ন হয়েছে। ইভিএম ও ভিভিপ্যাট বহনকারী যানবাহনে জিপিএস ট্র্যাকিং থাকবে এবং গণনাকেন্দ্রের লাইভ ছবিও সরাসরি কন্ট্রোল রুমে পৌঁছবে।

নির্বাচন কমিশনের দাবি, প্রায় ২ লক্ষ সিসিটিভি ক্যামেরার মাধ্যমে গোটা নির্বাচনী প্রক্রিয়াকে নজরদারির আওতায় আনা হচ্ছে। প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহার করে ২০২৬ সালের নির্বাচনকে সম্পূর্ণ স্বচ্ছ ও নিরপেক্ষ করতে বদ্ধপরিকর কমিশন।

*************************************************************************

বিধানসভা ভোটের আগে রাজ্যের বেশ কিছু এলাকা থেকে হিংসা ও অশান্তির ঘটনা সামনে আসার প্রেক্ষিতে নির্বাচন কমিশন রাজ্যের পুলিশ প্রশাসনের উপর নজরদারি আরও কঠোর করছে। মহকুমা পুলিশ আধিকারিক থেকে শুরু করে থানার ওসি—সব স্তরের আধিকারিকদের জন্য কড়া নির্দেশিকা জারি করা হয়েছে।

এদিকে, তৃণমূল কংগ্রেসের অভিযোগের প্রেক্ষিতে নির্বাচন কমিশন, মালদা জেলার চারটি বিধানসভা কেন্দ্রে পুলিশ **পর্যবেক্ষক বদল** করেছে।

*************************************************************************

সুপ্রিম কোর্টের নির্দেশে SIR প্রক্রিয়ার সঙ্গে যুক্ত দুই জুডিশিয়াল অফিসারকে হুমকি দেওয়ার অভিযোগ উঠেছে, কোচবিহারের তৃণমূল কংগ্রেস জেলা সভাপতি অভিজিৎ দে ভৌমিকের বিরুদ্ধে। ওই ব্যক্তি কোচবিহার দক্ষিণের তৃণমূল কংগ্রেস প্রার্থী।
এক মহিলা সহ ওই দুই বিচারক, কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতির কাছে বিষয়টি জানিয়ে অভিযোগ করেছেন। এরপরেই রাজ্য পুলিশের ডিজিকে, তদন্ত করে উপযুক্ত পদক্ষেপ গ্রহণের নির্দেশ দিয়েছেন প্রধান বিচারপতি।

*************************************************************************

ভোট প্রশিক্ষণ কেন্দ্রে কর্মীদের নিরাপত্তা সুনিশ্চিত করার দাবী জানিয়ে সংগ্রামী যৌথ মঞ্চ, নির্বাচন কমিশনকে চিঠি দিয়েছে।
নদীয়ার রাণাঘাটে ভোট কর্মীর ওপর আক্রমণের ঘটনায় নিরপেক্ষ তদন্ত ও দোষীদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের'ও দাবী জানানো হয়েছে।

*************************************************************************

নদীয়ার রানাঘাটে প্রশিক্ষণে গিয়ে নিগৃহীত ভোট কর্মী সৈকত চ্যাটার্জির  অভিযোগের ভিত্তিতে নিজামুদ্দিন সর্দার ও মানস ব্যানার্জি নামে দুই ব্যক্তিকে গ্রেপ্তার করেছে পুলিশ। অভিযুক্ত নিজাম উদ্দিন সর্দার হাঁসখালি

বিডিও অফিসের পঞ্চায়েত দপ্তরের কর্মী। অপর অভিযুক্ত মানস ব্যানার্জি , ওসি ইলেকশন পদে কর্মরত ছিলেন ব্লক অফিসে। ধৃতদেরকে আজ রানাঘাট আদালতে তোলা হলে, তাঁদের জামিন মঞ্জুর হয়েছে।

*****************************************************************************

মুর্শিদাবাদের জঙ্গীপুরে গতকাল, রামনবমীর শোভাযাত্রাকে ঘিরে সংঘর্ষের ঘটনায় গ্রেপ্তারের সংখ্যা বেড়ে হয়েছে- ৩০ । রাস্তাঘাট এখন শুনশান। গাড়ি চলাচল করলেও, পরিস্থিতি থমথমে। চলছে পুলিশ ও কেন্দ্রীয় বাহিনীর টহল।

আগেই জানানো হয়েছে, রঘুনাথগঞ্জে গতকাল রামনবমীর শোভাযাত্রা চলাকালীন দুই জনগোষ্ঠীর মধ্যে সংঘর্ষের ঘটনায় আহত হন বহু ব্যক্তি। চলে দোকানপাট ভাঙচুর, লুটপাট ও অগ্নি সংযোগের মতো ঘটনা।

*****************************************************************************

আর্থিক দুর্নীতির তদন্তে ইডি আজ সকাল থেকে কলকাতা সহ সাত-আটটি জায়গায় তল্লাশি চালাচ্ছে। দক্ষিণ কলকাতার বালিগঞ্জ প্লেসের এক ব্যবসায়ীর বাড়িতে'ও চলছে তল্লাশি।

নির্দিষ্ট কিছু প্রকল্পের নাম করে সাধারণ মানুষকে প্রতারণার অভিযোগ রয়েছে ওই ব্যবসায়িক সংস্থার বিরুদ্ধে। একটি সংস্থার কয়েকজন আধিকারিকের বাড়িতেও চলছে তল্লাশি।

*****************************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, **আগামীকাল** আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের **১৩২-তম** পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে।

আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর e-দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে।

*****************************************************************************

জোড়া নিম্নচাপ এবং বঙ্গোপসাগর থেকে প্রচুর জলীয় বাষ্প বাতাসে প্রবেশ করায়, আজ'ও রাজ্যের বিভিন্ন প্রান্তে হাল্কা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

তবে, আগামীকাল থেকে তা' অনেকটাই কমবে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ডক্টর সৌরিশ বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন। তাপমাত্রার পরিমাণ'ও কিছুটা বাড়বে বলে জানানো হয়েছে।

( বাইট- সৌরিশ )

*****************************************************************************

রায়পুরে খেলো ইন্ডিয়া ট্রাইবাল গেমসে মূল পর্বের ফুটবল ম্যাচে আজ বাংলা ৩-০ গোলে মধ্যপ্রদেশকে হারিয়ে গিয়েছে। রায়পুরের রবিশঙ্কর স্টেডিয়ামে বাংলার হয়ে গোল করেন বিজয় মুর্মু, সৌরভ সব্বার ও রাহুল মুর্মু।

**********************************************************************